# বারিধারা ডিওএইচএস পরিষদ
## ঢাকা সেনানিবাস

### ৭৫তম একজিকিউটিভ কমিটির সভার কার্যবিবরণী তারিখ ১৫ জানুয়ারি ২০১৪ ইং।

১। একজিকিউটিভ কমিটির সভার সভাপতি ও ১২ জন সদস্যদের উপস্থিতিতে সভার কার্যক্রম শুরু হয়।

২। সেক্রেটারী কিছু বিলম্বে যোগদান করায় প্রেসিডেন্ট সকল সদস্যগনকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন।

৩। সভার শুরুতে লেঃ কর্নেল এএইচএম রুহুল ইসলাম (অবঃ) পবিত্র কোরান থেকে তেলাওয়াত করেন।

| সভার আলোচ্যসূচী ও সিদ্ধান্ত | কার্যক্রম |
|---|---|
| আলোচ্যসূচী ও সিদ্ধান্ত - ০১ ঃ গত ১১ ডিসেম্বর ২০১৩ তারিখের একজিকিউটভ কমিটির ৭৪তম সভার কার্যবিবরণীর অগ্রগতির ব্যাপারে বিস্তারিতভাবে আলোচনা করা হয়। উক্ত কার্যবিবরণীর অধিকাংশ কার্যক্রম সুষ্ঠু ও সুন্দর ভাবে সম্পাদিত হওয়ায় সভাপতি সকল সম্মানিত সদস্যগনকে ধন্যবাদ জ্ঞাপন করেন। কার্যবিবরণী অনুমোদনের ব্যাপারে ভূল বশতঃ প্রস্তাব ও সমর্থন গ্রহণ করা না হলেও সকল সদস্য অনুমোদনের জন্য সম্মতি জ্ঞাপন করেন। | সভাপতি/ সেক্রেটারী |
| আলোচ্যসূচী ও সিদ্ধান্ত-০২ ঃ বারিধারা ডিওএইচএস পরিষদের সভাপতিকে কোন সাব-কমিটির সদস্য না করার সিদ্ধান্ত গৃহীত হয়। লেডিস সাব-কমিটি/লেডিস ক্লাব এর নীতিমালা সংশোধন করে নূতনভাবে প্রনয়ণের পর্ষদ হতে সভাপতি ও গ্রুপ ক্যাপ্টেন এম রফিকুল হক, পিএসসি (অবঃ) এর নাম বাদ দেয়া হবে। উক্ত পর্ষদে মিসেস হোসনে আরা হুসেইন ও মিসেস ফেরদৌসি মুস্তাক এর নাম অন্তর্ভূক্ত করতে হবে। লেডিস ক্লাব এর অনুষ্ঠান পূর্বের ন্যায় প্রতি সপ্তাহের শনিবারে অনুষ্ঠিত হবে। ৭৪তম ইসি সভার কার্যবিবরনীর সিদ্ধান্ত বাতিল করা হলো। | লডিস সাব-কমিটি/পর্ষদের সভাপতি ও সদস্যগণ |
| আলোচ্যসূচী ও সিদ্ধান্ত - ০৩ ঃ বারিধারা ডিওএইচএস ফিটনেস সেন্টারের নির্মাণ কার্যক্রম যথাশীঘ্রই শুরু করার ব্যাপারে নির্বাচিত ঠিকাদারী প্রতিষ্ঠান Land Solutions Engineering এর সাথে চুক্তিপত্র সম্পাদনপূর্বক উক্ত কার্যক্রম সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। ফিটনেস সেন্টারের ২য় তলা সম্পন্ন করার ব্যাপারে কিছু সংখ্যক অভিজ্ঞতা সম্পন্ন ঠিকাদারী প্রতিষ্ঠানের সাথে যোগাযোগ করে ১টি চুক্তিপত্র সম্পাদনের দায়িত্ব সভাপতিকে প্রদান করা হয়। বারিধারা ডিওএইচএস ফিটনেস সেন্টারের নির্মাণ কাজ উদ্বোধনের সময় ডিওএইচএস এলাকার সম্মানিত সদস্যগনকে এস এম এস এর মাধ্যমে নিমন্ত্রণ জানাতে হবে। সাবেক সভাপতিগন ও এ পর্যন্ত নির্বাচিত একজিকিউটিভ কমিটির সকল সদস্যগনকে নিমন্ত্রণ পত্রের মাধ্যমে আমন্ত্রন জানানো হবে। অফিস সুপার এ ব্যাপারে কার্যক্রম গ্রহন করবেন। উদ্বোধনের পর ঠিকাদারী প্রতিষ্ঠান হালকা খাবারের আয়োজন করবে। Convener, Fitness Centre একটি Note sheet এর মাধ্যমে নির্মাণ খরচ ও Mode of Payment এর জন্য ট্রেজারারের মাধ্যমে প্রেসিডেন্টের অনুমোদন গ্রহণ করবেন। | কনভেনার, ফিটনেস সেন্টার সাব-কমিটি<br>এবং<br>অফিস্ সুপার |
| আলোচ্যসূচী ও সিদ্ধান্ত - ০৪ ঃ লেঃ কর্ণেল নাসির উদ্দিন আহমেদ (অবঃ) এর অপ্রয়োজনীয় নির্মাণ সামগ্রী তিনি নিজ ব্যবস্থায় অপসারণ না করলে পরিষদের ব্যবস্থাপনায় কিছু টাকা খরচ করে হলেও তা অপসারণের ব্যবস্থা করতে হবে। ফিল্ড সিকিউরিটি অফিসার ওয়ারেন্ট অফিসার মোঃ জাকির হোসেন তালুকদার এ ব্যাপারে ব্যবস্থা গ্রহন করবেন। | ফিল্ড সিকিঃ অফিসার |
| আলোচ্যসূচী ও সিদ্ধান্ত - ০৫ ঃ বারিধারা ডিওএইচএস এলাকার প্লট মালিকগন নিজের ইচ্ছা মাফিক তাদের বাড়ীর সামনে ফুলের বাগান তৈরী করছেন যা লেনের সৌন্দর্যহানী ঘটাচ্ছে ও গাড়ী চলাচল ও ঘোরানোর ব্যাপারে অসুবিধা সৃষ্টি করছে। প্লটমালিকগণ কোন অবস্থাতেই বাড়ীর দেয়াল হতে ২ ফুট ৬ ইঞ্চি দূরত্বের বাইরে Flower bed নির্মাণ করতে পারবেন না । এ ব্যাপারে পরিষদ কর্তৃক চিঠির মাধ্যমে সকল প্লট মালিকগনকে অবহিত করার সিদ্ধান্ত গৃহীত হয়। | সভাপতি/ সেক্রেটারী |

আলোচ্যসূচী ও সিদ্ধান্ত - ০৬ ঃ বারিধারা ডিওএইচএস পরিষদের সদ্য নিয়োগপ্রাপ্ত কালেক্টর মোঃ জহিরুল ইসলামকে নিয়োগের তারিখ হতে ৪ মাস এর জন্য Observation এ রাখা হবে। এ সময়ের মধ্যে তার উপর অর্পিত দায়িত্ব দক্ষতার সাথে পালন করতে হবে। কর্মদক্ষতা প্রদর্শনে সক্ষম হলে নিয়োগ স্থায়ী করা হবে। ব্যর্থ হলে অব্যাহতি দেয়া হবে।

আলোচ্যসূচী ও সিদ্ধান্ত - ০৭ ঃ লেডিস সাব-কমিটির সম্মানিত সদস্যগণের মধ্যকার মতপার্থক্য দূরি করণের জন্য এবং সর্বাবস্থায় শান্তিপূর্ণ অবস্থা নিশ্চিত করার উদ্দেশ্যে বারিধারা ডিওএইচএস লেডিস সাব-কমিটি এবং উপদেষ্টা কমিটির পলিসি পর্যবেক্ষণ প্রসঙ্গে ৭৪তম ইসি সভায় গঠিত কমিটি পরিবর্তন করতঃ নতুন নাম সংযোজন করার সিদ্ধান্ত গৃহীত হয়। সংযোজিত সাব-কমিটির নাম নিম্নরূপ ঃ-

সভাপতি ঃ ক্যাপ্টেন (বিএন) এম এম আজিজ, পিএসসি.(অবঃ)

সদস্য ঃ ১। লেঃ কর্ণেল এ এইচ এম রুহুল ইসলাম (অবঃ)
২। ডাঃ পারভীন হক চৌধুরী
৩। মিসেস হোসনে আরা হুসেইন
৪। মিসেস সাহিদা রফিক
৫। মিসেস ফেরদৌসি মুস্তাক

আলোচ্যসূচী ও সিদ্ধান্ত - ০৮ ঃ বারিধারা ডিওএইচএস পরিষদ কর্তৃক ইজারা দেয়া পুকুরটিতে বিভিন্ন প্রজাতির মাছ চাষ করা হয়। এর মধ্যে এমন কিছু মাছ রয়েছে যেগুলো পুকুর পাড়ের মাটি খেয়ে ফেলছে এবং উপর্যুপরি রাসায়নিক পদার্থ ব্যবহারের ফলে পুকুরের পানি নষ্ট হয়ে গেছে। উক্ত সমস্যা নিরসনের জন্য লীজ বাতিলের ব্যাপারে কি পদক্ষেপ গ্রহন করা যায় তা নির্ধারণের জন্য একটি সাব-কমিটি গঠন করা হলো যা নিম্নরূপ ঃ-

সভাপতি ঃ কর্ণেল মোহাম্মদ গোলাম মোস্তফা, পিএসসি (অবঃ)

সদস্য ঃ ১। লেঃ কর্ণেল আব্দুন নুর খান (অবঃ)
২। লেঃ কর্ণেল আব্দুর রব (অবঃ)
৩। জনাব গোলাম মোস্তফা কামাল

আলোচ্যসূচী ও সিদ্ধান্ত - ০৯ ঃ ট্রানজিট ক্যাম্প হতে বারিধারা ডিওএইচএস এলাকায় ০১ বছরের জন্য রিক্সা চলাচলের ইজারা প্রদান করার বিষয়ে বিস্তারিত আলোচনা হয় এবং নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয়। উন্মুক্ত টেন্ডারের মাধ্যমে ১০০টি কোটি সর্বোচ্চ দরদাতাকে প্রদান করা হবে। সম্মানিত সদস্যদের নিয়োগকৃত নিজস্ব বুয়ার স্বামী বা ছেঁলের নিজের রিক্সার জন্য ২২টি কোটি অনুরোধ প্রাপ্তি সাপেক্ষে লটারীর মাধ্যমে প্রদান করা হবে। নিবার্হী কমিটির সদস্যদের সুপারিশক্রমে ১৩টি কোটি এবং সভাপতির জন্য ৫টি কোটির বিশেষ কোঠাসহ মোট ১৪০টি কোটি প্রদান করার সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচ্যসূচী ও সিদ্ধান্ত - ১০ প্রতি বছরের ন্যায় বারিধারা ডিওএইচএস পরিষদের সকল প্রকার ফান্ডের আয় ও ব্যয় ওয়াহাব এন্ড কোং অডিট ফার্মের মাধ্যমে সম্পন্ন করা হবে। তাদের সাথে অডিট বাবদ পেমেন্ট ও তাদের প্রদত্ত Subscription Paper transaction এর মাধ্যমে সমন্বয় করতে হবে।

আলোচ্যসূচী ও সিদ্ধান্ত -১১ ঃ ডিওএইচএস লেকের পূর্ব-উত্তর কোনায় ১টি Ladies Corner, ১টি Foara ও বিদ্যমান শেডটির সৌন্দর্য্য বর্ধনের বিষয়ে প্রয়োজনীয় আর্থিক সংশ্লেষের বিষয়টি প্রেসিডেন্ট সম্মনিত সকল সদস্যগণকে অবহিত করেন এবং সকল সদস্য সদয় সম্মতি জ্ঞাপন করেন।

আলোচ্যসূচী ও সিদ্ধান্ত -১২ ঃ Account Section এর Subscription সংগ্রহের সময় যাতে অসৎ উপায়ে অর্থ আত্মসাৎ করার সুযোগ না থাকে সেজন্য Payment Receipt প্রদানের documents বর্তমানে Private Bank এ প্রচলিত Receipt (Auto carbon) এর মত প্রিন্ট করার জন্য ট্রেজারার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

| | |
|---|---|
| আলোচ্যসূচী ও সিদ্ধান্ত -১৩ ঃ বারিধারা ডিওএইচএস পরিষদের সকল ব্যয় (Financial Exp) ট্রেজারার কর্তৃক ইসিতে অনুমোদনের জন্য উপস্থাপন করা হয়। যে সকল ব্যয় ইসির আর্থিক ক্ষমতার অধিক তা এজিএম-এ অনুমোদনের জন্য উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয় এবং ইসির আর্থিক ক্ষমতার আওতাধীন সকল ব্যয় অনুমোদিত হয়। | ট্রেজারার |

৪। সভাপতি মহোদয় মিটিং এ উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম শেষ করেন।

কর্ণেল এম আব্দুল হাই (অবঃ)
সভাপতি
তারিখ ঃ ২২ জানুয়ারি ২০১৪

ব্রিগেঃ জেনাঃ মোঃ ইসমাইল হোসেন (অবঃ)
সেক্রেটারী
তারিখ ঃ জানুয়ারি ২০১৪

২২/১/১৪

কার্যক্রম ঃ

সম্মানিত সকল ইসি সদস্য
লেডিস সাব-কমিটি